



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং-০৩

তারিখ: ১৩/০৪/২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

বাংলাদেশে ফাইন্যান্সিয়াল মার্কেটের মানি মার্কেট
সেগমেন্টের জন্য একটি কার্যকর রেফারেন্স রেট প্রস্তুত ও প্রকাশ প্রসঙ্গে।

দেশে বিভিন্ন ধরনের ঋণচুক্তি, বন্ড, ফ্লোটিং রেটভিত্তিক প্রোডাক্ট (যেমন-ডেরিভেটিভস) ও অন্যান্য আর্থিক চুক্তিতে সুদের হার নির্ধারণে প্রাথমিক নির্দেশক (Price Indicator) হিসেবে ব্যবহার উপযোগী, নির্ভরযোগ্য ও সর্বজনীনভাবে গ্রহণযোগ্য বেঞ্চমার্ক রেট নির্ধারণের লক্ষ্যে প্রকৃত লেনদেনের ভিত্তিতে প্রতি কার্যদিবসে বাংলাদেশ ব্যাংক কর্তৃক দু'টি মানি মার্কেট রেফারেন্স রেট প্রকাশ করা হবে। রিস্ক-ফ্রি ও আনসিকিউরড আন্তঃব্যাংক মানি মার্কেট লেনদেনের ভিত্তিতে হিসাবায়নকৃত ও প্রকাশিত রেফারেন্স রেট দু'টির নাম হবে যথাক্রমে Bangladesh Overnight Financing Rate (BOFR) এবং Dhaka Overnight Money Market Rate (DOMMR)।

০২। আগামী ১৫ এপ্রিল ২০২৬ তারিখ হতে প্রতি কার্যদিবসে উল্লিখিত রেট দু'টি হিসাবায়নপূর্বক বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। রেফারেন্স রেট দু'টির হিসাবায়ন পদ্ধতি (Methodology) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশ করা হয়েছে। এক্ষণে, প্রযোজ্য ক্ষেত্রে উক্ত মানি মার্কেট রেফারেন্স রেট দু'টি অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ০২-৯৫৩০১৩১/২০৮৬৩।